সমকাল
তারিখ ... 18 JAN 2017 ...
পৃষ্ঠা ... 2 ... ১৬ ...

# অষ্টম শ্রেণি পর্যন্ত প্রাথমিক স্তর করতে গণশিক্ষার চিঠি শিক্ষা মন্ত্রণালয়কে

■ সমকাল প্রতিবেদক

জাতীয় শিক্ষানীতি সংসদে পাস হয়েছে ২০১০ সালে। এ নীতিতে প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণিতে উন্নীত করার কথা বলা হয়েছে। এরপর পার হয়েছে ছয় বছর। এখনও কার্যকর হয়নি সরকারি উদ্যোগ। এ অবস্থায় উদ্যোগটি কার্যকরে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো এক চিঠিতে করণীয় তুলে ধরে শিক্ষামন্ত্রীর পরামর্শ চাওয়া হয়েছে বলে সাংবাদিকদের জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. নজরুল ইসলাম খান।

গতকাল মঙ্গলবার তিনি বলেন, 'ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত এখনও শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে। শিক্ষানীতির আলোকে এই তিন শ্রেণি শিক্ষা মন্ত্রণালয় আমাদের কাছে হস্তান্তর করলে ভালো হয়। ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করতে প্রধানমন্ত্রীর কাছে এ-সংক্রান্ত প্রস্তাবনা পাঠাতে আমরা শিক্ষা ■ পৃষ্ঠা ১৭ : কলাম ২

## অষ্টম শ্রেণি

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

মন্ত্রণালয়কে অনুরোধ করেছি।'

চিঠিতে বলা হয়েছে, 'জাতীয় শিক্ষানীতি, ২০১০-এর আলোকে প্রাথমিক শিক্ষাস্তর প্রথম থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত বাস্তবায়নে এ-সংক্রান্ত সব ধারার শিক্ষা কার্যক্রম প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় পরিচালনার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের গত ১৮ মের সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রধানমন্ত্রীর কাছে সারসংক্ষেপ পাঠানো আবশ্যক। অন্যথায় ২০১৮ সালের মধ্যে জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন করা দুষ্কর হবে।' শিক্ষাবিদদের নিয়ে গত ১৮ মে শিক্ষানীতি বাস্তবায়ন-সংক্রান্ত সভায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার প্রাথমিক শিক্ষাকে অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত করে গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে দেওয়ার চূড়ান্ত সিদ্ধান্ত নিলেও নানা জটিলতায় এখনও তা বাস্তবায়ন হয়নি। প্রাথমিক স্তর সম্প্রসারণে অষ্টম শ্রেণি পর্যন্ত সব ধারার শিক্ষা কার্যক্রম পরিচালনা, প্রশাসন ও সার্বিক ব্যবস্থাপনা গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় পরিচালনা করতে চিঠিতে যে বিষয়গুলো উল্লেখ করা হয়েছে তার মধ্যে রয়েছে– শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কাছে হস্তান্তরের বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি, প্রাথমিক শিক্ষা (বাধ্যতামূলক) আইন, ১৯৯০ সংশোধন এবং অষ্টম শ্রেণি বাস্তবায়নে ব্যানবেইস কর্তৃক স্কুল ম্যাপিং, ভৌত অবকাঠামোর সুযোগ-সুবিধা সংক্রান্ত চাহিদা নিরূপণ, পাঠ্যপুস্তক প্রণয়ন ও উৎপাদন এবং পরীক্ষা ব্যবস্থা ও শিক্ষক প্রশিক্ষণ সংস্কার, শিক্ষক প্রশিক্ষণ-সংক্রান্ত শিক্ষাক্রম সংশোধন ও বাস্তবায়ন, শিক্ষক নিয়োগ বিধিমালা সংশোধন ও শিক্ষক নিয়োগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশাসনিক কাঠামোর মধ্যে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি সমন্বিতকরণ, ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির শিক্ষকদের বেতন-ভাতা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বাজেটে অন্তর্ভুক্তকরণ, ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠদানে অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ ও বাস্তবায়ন এবং প্রাথমিক স্তর অষ্টম শ্রেণিতে উন্নীত করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অ্যালোকেশন অব বিজনেস সংশোধন।